

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
উন্নয়ন বাজেট শাখা-১

নং- অম/অবি/উ:বা:১/বিবিধ-৪৬/৯৫/১৪৬

তারিখ:-১৬/১১/২০০৩

বিষয় :- স্বায়ত্বশাসিত/আধাস্বায়ত্বশাসিত/স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ কর্তৃক বাস্তবায়িত উন্নয়ন প্রকল্পসমূহের অবমুক্ত অর্থ বাণিজ্যিক ব্যাংকে রাখা সংক্রান্ত।

উপরোক্ত বিষয়ে অর্থ বিভাগের ২০/২/২০০২ তারিখের অম/অবি/উঃ-১/বিবিধ-৪৬/৯৫/৪৫৪ নং স্মারকটি এতদ্বারা বাতিল করা হলো।

২। উপরোক্ত বিষয়ে অর্থ বিভাগের ২৩/১০/২০০৩ তারিখে জারীকৃত অম/অবি/ব্যাংকিং নীতি শাখা-২/নীতি-৩/২০০৩/৫৫৪ নং বিজ্ঞপ্তি অনুসরণে স্বায়ত্বশাসিত/আধাস্বায়ত্বশাসিত সংস্থা প্রকল্প বাস্তবায়নের জন্য Annual Development Program (ADP) এর আওতায় সরকার থেকে প্রাপ্ত তহবিলের সর্বোচ্চ ২০% পর্যন্ত দশ বা ততোধিক বছর যাবৎ বাংলাদেশে ব্যাংকিং ব্যবসায় নিয়োজিত বেসরকারী ব্যাংকসমূহে জমা রাখতে পারবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের আদেশক্রমে এই পরিপত্র জারী করা হ'লো।

স্বা/-

(কাজী শফিকুল আযম)
উপ-সচিব (উন্নয়ন বাজেট-১)

বিতরণ:-

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ২। মুখ্য-সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ৩। গভর্নর, বাংলাদেশ ব্যাংক।
- ৪। সচিব, মন্ত্রণালয়/বিভাগ।
- ৫। হিসাব মহানিয়ন্ত্রক, বাংলাদেশ, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, মন্ত্রণালয়/বিভাগ।
- ৭। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ব্যাংকিং নীতি শাখা-২

নং- অম/অবি/ব্যাংকিং নীতি শাখা-২/নীতি-৩/২০০৩/৫৫৪(২০০)

তারিখঃ- ২৩-১০-২০০৩খ্রিঃ।

সংশোধিত বিজ্ঞপ্তি

বিষয়ঃ- বেসরকারী ব্যাংকে Annual Development Programme এবং সরকারী, আধা-সরকারী প্রতিষ্ঠান, স্বায়ত্ব শাসিত ও আধা-স্বায়ত্বশাসিত সংস্থার অর্থ আমানত রাখা প্রসঙ্গে।

সূত্রঃ- অম/অবি/ব্যাংকিং নীতি শাখা-২/নীতি-১/২০০৩/৪৫৬ তারিখঃ ০৯-০৯-২০০৩ খ্রিঃ।

এতদ্বারা নির্দেশক্রমে সুত্রোল্লিখিত বিজ্ঞপ্তির নিম্নরূপ সংশোধন করা হ'লঃ-

(১) স্বায়ত্বশাসিত ও আধা-স্বায়ত্বশাসিত সংস্থা প্রকল্প বাস্তবায়নের জন্য Annual Development Programme (ADP) -এর আওতায় সরকার থেকে প্রাপ্ত তহবিলের সর্বোচ্চ ২০% পর্যন্ত দশ বা ততোধিক বছর যাবৎ বাংলাদেশে ব্যাংকিং ব্যবসায় নিয়োজিত বেসরকারী ব্যাংকসমূহে জমা রাখতে পারবে।

(২) পাঁচ বা ততোধিক বছর বাংলাদেশে ব্যাংকিং ব্যবসায় নিয়োজিত বেসরকারী ব্যাংকে সরকারী, আধা-সরকারী প্রতিষ্ঠান, স্বায়ত্বশাসিত ও আধা-স্বায়ত্বশাসিত সংস্থা তাদের মোট নিজস্ব আমানতের সর্বোচ্চ ২৫% অর্থ জমা রাখতে পারবে।

২। এই সংশোধনী অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত

(এ, কে, এম, কুদরতুল্লাহ মিয়া)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৭১৬৯১৬৪

বিতরণঃ-

- (১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- (৩) গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- (৪) সচিব, মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
- (৫) ব্যবস্থাপনা পরিচালক/চীফ এক্সিকিউটিভ অফিসার
..... তফসিলী ব্যাংক (সকল)।